তারেক রহমানের নেতৃত্বে ফ্যাসিবাদবিরোধী গণঅভ্যুত্থান সফল: সেতুমন্ত্রী



সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম আজ জাতীয় সংসদে কথা বলেন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম বলেন, দীর্ঘ রাজনৈতিক সংগ্রামের ধারাবাহিকতায় তারেক রহমানের নেতৃত্বে ফ্যাসিবাদবিরোধী আন্দোলন সফল পরিণতি পেয়েছে। তার দাবি অনুযায়ী, বর্তমান সংসদ কোনো ব্যক্তি বা গোষ্ঠীর অনুগ্রহে গঠিত নয়, বরং এটি সরাসরি জনগণের প্রতিনিধিত্ব করছে।

তিনি আরও জানান, গত ১৭ বছরে রাজনৈতিক সহিংসতা ও আন্দোলনের সময় বহু নেতা–কর্মী প্রাণ হারিয়েছেন, আহত ও নির্যাতনের শিকার হয়েছেন। নিজের অভিজ্ঞতার কথা তুলে ধরে তিনি বলেন, আন্দোলন চলাকালে বহু মামলার মুখোমুখি হতে হয়েছে, একাধিকবার কারাবরণ, রিমান্ড ও নির্যাতনের মধ্য দিয়েও তিনি সক্রিয় ছিলেন।

সংসদে দেওয়া বক্তব্যে তিনি বিরোধী দলীয় সদস্যদের দক্ষতা বাড়াতে প্রশিক্ষণ ও কর্মশালার উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। তার মতে, সংসদীয় কার্যক্রমে আরও কার্যকর ভূমিকা রাখতে বিরোধী পক্ষের অভিজ্ঞতা ও সক্ষমতা উন্নয়ন জরুরি, যাতে পুরো সংসদের কার্যক্রম আরও প্রাণবন্ত হয়।

তিনি ইতিহাস প্রসঙ্গে কথা বলতে গিয়ে বলেন, জিয়াউর রহমান স্বাধীনতা সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন এবং পরবর্তীতে বহুদলীয় গণতন্ত্র ও বাংলাদেশি জাতীয়তাবাদের ভিত্তি গড়ে দেন। পাশাপাশি বেগম খালেদা জিয়ার রাজনৈতিক অবদান ও সংসদীয় শাসনব্যবস্থায় তার ভূমিকার কথাও উল্লেখ করেন।

শেষে তিনি বলেন, দেশের রাজনৈতিক ভবিষ্যৎ তারেক রহমানের নেতৃত্বে আরও সুসংহত হবে এবং গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী অবস্থানে পৌঁছাবে বলে তিনি আশাবাদী।